



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
ফিউচার অফ ওয়ার্ক ল্যাব
www.a2i.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১৮.২৫.০০১.২০.৫৫

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: চতুর্থ শিল্প-বিপ্লব উপযোগী প্রযুক্তি-নির্ভর দক্ষ জনবল তৈরির লক্ষ্যে কারিকুলাম পরিমার্জন বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন ও ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্রের মর্যাদা লাভের জন্য দক্ষ যুবশক্তির কোন বিকল্প নেই। তারুণ্যের শক্তিকে যথাযথ ভাবে কাজে লাগানোর লক্ষ্যে “জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা ২০১১” ও “জাতীয় যুব নীতিমালা ২০১৭” এর আলোকে এটুআই প্রোগ্রামের তরফ থেকে নানাবিধ দক্ষতা উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিভিন্ন সেক্টরে চতুর্থ শিল্প-বিপ্লব উপযোগী দক্ষতা উন্নয়ন এর মধ্যে অন্যতম। চতুর্থ শিল্প-বিপ্লব উপযোগী পেশায় দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর যৌথ উদ্যোগে “চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা এবং সম্ভাবনা কাজে লাগাতে প্রয়োজনীয় পরিকল্পনা ও প্রকল্প গ্রহণ” বিষয়ে ১১টি কর্মশালা সম্পন্ন হয়েছে। কর্মশালায় সরকারের দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট ২২টি অংশগ্রহণ করে এবং শতাধিক পাইলট প্রকল্প/উদ্যোগ গ্রহণ করে। উক্ত কর্মশালায় নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক ৫টি উদ্যোগ গ্রহণ করা হয় যার মধ্যে ৩টি পাইলট উদ্যোগ। এটুআই প্রোগ্রাম বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পেশাভিত্তিক পাইলট প্রকল্প/উদ্যোগসমূহের কারিকুলাম চতুর্থ শিল্প-বিপ্লবের চাহিদার আলোকে পরিমার্জন ও চূড়ান্তকরণের উদ্যোগ গ্রহণ করেছে।

এরই ধারাবাহিকতায় আগামী ০৯ নভেম্বর ২০২২-ইং তারিখে নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক গৃহীত কারিকুলাম পরিমার্জন এর লক্ষ্যে দিনব্যাপী কর্মশালা (সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ৩:০০ মিনিট পর্যন্ত), কৃষিবিদ ইন্সটিটিউট এর ৫ম তলায় প্রশিক্ষণ রুমে আয়োজন করা হয়েছে।

উল্লিখিত পেশাভিত্তিক পাইলট প্রকল্প/উদ্যোগসমূহের কারিকুলাম চতুর্থ শিল্প-বিপ্লবের চাহিদার আলোকে পরিমার্জন ও চূড়ান্তকরণের লক্ষ্যে কর্মশালায় ২০ জন উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা/অকুপেশনভিত্তিক এক্সপার্ট/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের (উদ্যোগ বাস্তবায়নকারী ১০ জন কর্মকর্তা, অকুপেশনভিত্তিক ৫ জন এক্সপার্ট এবং উক্ত অকুপেশনের সাথে যুক্ত অভিজ্ঞ ৫ জন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রতিনিধি) অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

৩০-১০-২০২২

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
০১৭১৫৬১৬৬৪৯
dewanm hk@gmail.com

মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১৮.২৫.০০১.২০.৫৫ /১ (১)

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর।



৩০-১০-২০২২

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)